৫ আগস্টের পর শেখ হাসিনার সঙ্গে কথা হয়েছে: জিএম কাদের



জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের। ছবি : সংগৃহীত

ছাত্র-জনতার আন্দোলনের মুখে ২০২৪ সালের ৫ আগস্ট ক্ষমতা হারানোর পর সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা-র সঙ্গে যোগাযোগের কথা স্বীকার করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের। তিনি জানান, সেই আলাপচারিতা ছিল সম্পূর্ণই আনুষ্ঠানিক এবং সীমাবদ্ধ ছিল কুশল বিনিময়ে।

রোববার (১৯ এপ্রিল) একটি টেলিভিশন টকশোতে অংশ নিয়ে জিএম কাদের বলেন, ৫ আগস্টের পর একবার তার সঙ্গে কথা হয়েছে। তবে নির্দিষ্ট সময় উল্লেখ না করে তিনি জানান, কথোপকথনে রাজনৈতিক কোনো আলোচনা হয়নি। তার ভাষায়, “ভালো আছেন কি না—এই ধরনের সাধারণ কথাবার্তাই হয়েছে।”

শেখ হাসিনার সম্ভাব্য প্রত্যাবর্তন, রাজনীতিতে সক্রিয় হওয়ার পরিকল্পনা কিংবা দলীয় অবস্থান নিয়ে কোনো আলোচনা হয়েছে কি না—এমন প্রশ্নে জাপা চেয়ারম্যান স্পষ্ট করেন, এসব বিষয়ে কোনো কথাই হয়নি। তিনি বলেন, “আমি তো তার সঙ্গে রাজনৈতিকভাবে যুক্ত নই, তাই এ ধরনের আলাপের সুযোগও হয়নি।”

অন্যদিকে, নতুন রাজনৈতিক দল এনসিপির অবস্থান নিয়েও সমালোচনা করেন জিএম কাদের। তার অভিযোগ, অতীতে কঠোর অবস্থান নেওয়ার পর এখন তারা ভিন্ন বার্তা দিচ্ছে, যা দ্বৈত মানদণ্ডের পরিচয়। তিনি মনে করেন, এনসিপি মূলত অন্য দলের ভোটব্যাংকের দিকে নজর দিচ্ছে এবং রাজনৈতিক সুবিধা নেওয়ার চেষ্টা করছে।

জিএম কাদের আরও বলেন, আগে যাদের কঠোরভাবে সমালোচনা করা হয়েছে, এখন তাদের জন্য দরজা খুলে দেওয়া—এ ধরনের অবস্থান সাধারণ মানুষের কাছে সহজে গ্রহণযোগ্য নাও হতে পারে।